দৈনিক বাংলা

তারিখ ... ১৭।১।৮০ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...



### মেট্রিক পদ্ধতি চালু হবে

# বেসরকারী শিক্ষকদের ন্যূনতম বেতন স্কেল প্রস্তাব অনুমোদিত

শুক্রবার বঙ্গভবনে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের এক বৈঠকে দেশে ওজন ও মাপের মেট্রিক পদ্ধতি চালু করার প্রস্তাব অনুমোদন করা হয়। নয়া পদ্ধতি ১৯৮২ সালের ১লা জুলাই থেকে পর্যায়ক্রমে বলবৎ হবে।

বাসসের খবরে প্রকাশ প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের জন্যে এক অভিন্ন ন্যূনতম বেতন স্কেল প্রবর্তন ও শিক্ষকদের বেতনের বেলায় সরকারী মঞ্জুরী বৃদ্ধি সংক্রান্ত কমিটির সুপারিশ বিবেচনা করা হয় এবং প্রস্তাবটি নীতিগতভাবে অনুমোদন করা হয়। প্রস্তাব বাস্তবায়নের পদ্ধতি পরীক্ষা করে দেখা হচ্ছে এবং এ ব্যাপারে শীঘ্রই সিদ্ধান্ত নেয়া হবে।

মন্ত্রিপরিষদ কতিপয় আইনগত দিক যাচাই সাপেক্ষে বৈদেশিক বেসরকারী পুঁজি বিনিয়োগ রক্ষা সংক্রান্ত খসড়া বিল বিবেচনা ও অনুমোদন করেছেন।

বৈঠকে আরও সিদ্ধান্ত নেয়া হয়েছে যে কয়েকটি বিভাগ ও কর্পোরেশনের প্রধান কার্যালয় ঢাকা থেকে প্রত্যন্ত জেলাগুলোতে স্থানান্তরিত করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলো পর্যায়ক্রমে এসব কার্যালয় স্থানান্তরের কাজ করবেন।